



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-০৮)

৩৭/৩/এ, ইস্টাটন গার্ডেন রোড

রমনা, ঢাকা- ১০০০।

নং পসব্য/প্রকা/হিসাব-১৯/২০১৮-১৯/৪০০৩

তারিখ : ২৭/১২/২০১৮খ্রি.

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

বিষয় : “স্টুডেন্ট সেভিংস স্কিম (এসএসএস)” বা স্কুল ব্যাংকিং এর নীতিমালা।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পরিচালনা বোর্ড এর ০২.০৪.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৮তম সভায় “স্টুডেন্ট সেভিংস স্কিম (এসএসএস)” হিসাব খোলার নীতিমালা অনুমোদন প্রদান করা হয়। উক্ত নীতিমালা মোতাবেক শাখায় “স্টুডেন্ট সেভিংস স্কিম (এসএসএস)” বা স্কুল ব্যাংকিং আমানত হিসাব খোলার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। উক্ত হিসাব খোলার ক্ষেত্রে নিম্নবর্ণিত ডকুমেন্টস জমা নিতে হবে :

- ১) হিসাব খোলার আবেদন ফরম।
- ২) ২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ৩) এনআইডি/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।
- ৪) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র/পরিচয়পত্রের সত্যায়িত কপি।

০৩। উক্ত হিসাবে ব্যাংকের এজেন্ট, সমিতির সদস্যদের ওয়ালেট হতে কিস্তি জমা দেয়া যাবে। তা’ছাড়া সঞ্চয় আমানত হিসাবের জমা স্লিপের মাধ্যমেও শাখায় জমা দেয়া যাবে। উক্ত আমানত হিসাবের জমাকৃত টাকা ১১১০৬০০০ কোডে পোস্টিং প্রদান করতে হবে। উক্ত হিসাবের জন্য আলাদা নমুনা স্বাক্ষর কার্ড সংরক্ষণ করতে হবে না। আবেদনের উপরে ডান পার্শ্বে প্রার্থীর স্বাক্ষর ও ছবি সংযুক্ত করতে হবে এবং স্বাক্ষর ও ছবি স্কেনিং করে সিবিএস এর যথাযথ স্থানে সংরক্ষণ করতে হবে।

০৪। এমতাবস্থায়, নীতিমালা মোতাবেক শাখায় “স্টুডেন্ট সেভিংস স্কিম (এসএসএস)” হিসাব খোলার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত



(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১) চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩) জেলা সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৪) নথি।



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-০৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

রমনা, ঢাকা- ১০০০।

“স্টুডেন্ট সেভিংস স্কীম (এসএসএস)” বা স্কুল ব্যাংকিং এর নীতিমালা

পল্লী এলাকার সুবিধাবঞ্চিত মানুষের সঞ্চয় প্রবণতা বৃদ্ধি, সক্ষমতা বৃদ্ধি, অর্থ লেনদেন ও রক্ষণাবেক্ষণ, ঋণ ও অগ্রিম এবং বিনিয়োগের লক্ষ্যে “পল্লী সঞ্চয় ব্যাংক” প্রতিষ্ঠা করা হয়েছে। এ ব্যাংক দেশের দারিদ্র্য সীমা শূন্যের কোটায় নামিয়ে আনার লক্ষ্যে সরকারের ভিশন, ২০২১ বাস্তবায়ন করছে। দেশের সুবিধাবঞ্চিত দরিদ্র জনগণ আর্থিক অনটনের কারণে তাদের সন্তানদের উচ্চ শিক্ষা প্রদান করতে পারছে না, যার কারণে তাঁদের সন্তানরা বিভিন্ন পর্যায়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা হতে বঞ্চিত যাচ্ছে। এ ব্যাংক উক্ত সুবিধাবঞ্চিত মানুষদের সন্তানদের শিশুকাল থেকে সঞ্চয় প্রবণতা বৃদ্ধি, উচ্চ শিক্ষার ক্ষেত্রে উৎসাহ প্রদান, উচ্চ শিক্ষার খরচ নির্বাহ এবং আধুনিক ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে “স্টুডেন্ট সেভিংস স্কীম (এসএসএস)” তথা স্কুল ব্যাংকিং নামে একটি নতুন স্কীম প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ স্কীমের নিয়মাবলী নিম্নরূপ :

১) হিসাবের নামকরণ : “স্টুডেন্ট সেভিংস স্কীম (এসএসএস)” বা স্কুল ব্যাংকিং।

২) সুদ প্রদান :

ক) হিসাবধারী ছাত্র-ছাত্রীদের পিএসসি, জেএসসি, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলে প্রাপ্ত জিপিএ'র দ্বিগুণ হারে উক্ত হিসাবে সুদ প্রদান করা হবে। তবে, কোন অবস্থাতেই বিদ্যমান সঞ্চয়ী আমানত হিসাবের প্রদেয় সুদের হারের চেয়ে কম হবে না।

খ) প্রতি ৬ মাস অন্তর উক্ত হিসাবে সঞ্চয়ী আমানতের জন্য নির্ধারিত সুদ প্রদান করতে হবে। ছাত্র-ছাত্রীগণ কর্তৃক ফলাফল দাখিলের পর ফলাফলের ভিত্তিতে অতিরিক্ত সুদ যথাসময়ে হিসাবভুক্ত করা হবে।

৩) হিসাব খোলার যোগ্যতা :

ক) পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ারহোল্ডার সমিতির সদস্য এবং পরিবারের সদস্যগণের সন্তানদের মধ্যে এইচএসসি/সমমান পর্যন্ত যে কোন ক্লাশ/পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীগণ পিতা-মাতা/বৈধ অভিভাবকদের সাথে এ হিসাব খুলতে পারবে। বৈধ অভিভাবক বলতে পিতা-মাতা না থাকলে যিনি ভরণ পোষণ করেন তাকে বুঝাবে।

খ) ব্যাংকের প্রচলিত নিয়মেই ছাত্রছাত্রীর হিসাব খুলতে হবে এবং পাশবই সংরক্ষণ করতে হবে।

গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের যে কোন শিক্ষক পরিচয়দানকারী হবেন।

ঘ) ছাত্র-ছাত্রী ও পিতা-মাতা/বৈধ অভিভাবক প্রত্যেকের পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি ছবি, আইডি/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি গ্রহণ করতে হবে।

ঙ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র/পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি গ্রহণ করতে হবে।

চ) হিসাবটি ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় স্থানান্তর করা যাবে।

৪) জমা পদ্ধতি :

(ক) মাসিক কিস্তিতে নগদে জমা করতে হবে। মাসিক জমা টাকা ৫০, ১০০, ১৫০, ২০০, ২৫০ এবং ৩০০ এর মধ্যে যে কোন একটি অংকের হিসাব খোলা যাবে।

(খ) একই ব্যক্তির নামে ব্যাংকের একই শাখায় বা অন্য কোন শাখায় এ স্কীমের আওতায় একাধিক হিসাব খোলা যাবে না। পরবর্তীতে এক নামে একাধিক হিসাব খোলার ঘটনা উদঘাটিত হলে ব্যাংক সংশ্লিষ্ট গ্রাহকের সব কয়টি হিসাব বন্ধ করে দেয়ার অধিকার সংরক্ষণ করে। সে ক্ষেত্রে গ্রাহক জমাকৃত টাকার উপর সঞ্চয়ী হিসাবের হারে সুদ প্রাপ্য হবেন।

গ) সমিতির সাপ্তাহিক উঠান বৈঠকে, ব্যাংকের শাখায় এবং এজেন্ট ব্যাংকিং চালু হলে এজেন্টের মাধ্যমে সঞ্চয় জমা প্রদান করা যাবে।

ঘ) প্রতি মাসের ১ হতে ১০ তারিখের মধ্যে টাকা জমা করতে হবে। জমা দেয়ার সর্বশেষ তারিখে সরকারী ছুটি, সাপ্তাহিক ছুটি বা যে কোন ছুটি থাকলে পরবর্তী কার্যদিবসে টাকা জমা করা যাবে।

ঙ) নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে ব্যর্থ হলে পরবর্তী মাসের কিস্তির সাথে পূর্ববর্তী মাসের বকেয়া কিস্তিসহ বকেয়া কিস্তির উপর জরিমানা সুদ ১০০/- টাকায় ৪/- টাকা হারে জমা দিতে হবে। হিসাবধারী বছরে মাত্র ০২ বার এ সুবিধা প্রাপ্য হবেন। বছরে ০২ এর অধিক খেলাপী হিসাব স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। সে ক্ষেত্রে গ্রাহক জমাকৃত টাকার উপর সঞ্চয়ী হিসাবের হারে সুদ প্রাপ্য হবেন।

চ) এ হিসাব যে কোন সময় বন্ধ করে টাকা উত্তোলণ করা যাবে। তবে, সে ক্ষেত্রে গ্রাহক জমাকৃত টাকার উপর সঞ্চয়ী হিসাবের হারে সুদ প্রাপ্য হবেন। হিসাবধারী এইচএসসি/সমমান পর্যন্ত যে কোন পর্যায়ের পরীক্ষার (পিএসসি, জেএসসি, এসএসসি/সমমান, এইচএসসি/সমমান) ফলাফল দাখিলের পর হিসাব বন্ধ করতে পারবে। সে ক্ষেত্রে উক্ত ফলাফলের ভিত্তিতে সুদ হিসাবায়ন করে প্রদান করা হবে।

ছ) এ স্কিমের আওতায় অগ্রিম কিস্তি জমা দেয়া যাবে। তবে, জমাকৃত অগ্রিমের উপর কোন সুদ প্রদান করা হবে না।

জ) হিসাবধারী ছাত্র-ছাত্রীর পিতা/মাতা/বৈধ অভিভাবক এর একই শাখায় কোন সঞ্চয়ী হিসাব থাকলে এ স্কিমের মাসিক কিস্তি লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত হিসাব হতে স্থানান্তরের মাধ্যমে জমা দিতে পারবে।

৫) নমিনী সংক্রান্ত :

ক) আমানতকারী যে কোন একজন প্রাপ্ত বয়স্ক নিকট আত্মীয় ব্যক্তিকে তার হিসাবের নমিনী নিযুক্ত করতে পারবেন।

খ) হিসাবধারী যে কোন সময়ে লিখিতভাবে তার মনোনীত নমিনী পরিবর্তন করে নতুন নমিনী মনোনীত করতে পারবেন।

গ) নমিনীর যথাযথ পরিচিতির লক্ষ্যে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এবং হিসাবধারী কর্তৃক সত্যায়িত ২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা নিতে হবে। হিসাবধারীর বয়স ১৮ বছরের কম হলে বা জন্ম নিবন্ধন সনদ না পাওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক দ্বারা নমিনীর ফটো সত্যায়িত করতে হবে।

৬) টাকা উত্তোলন/হিসাব বন্ধের পদ্ধতি :

ক) হিসাবধারী এবং হিসাবধারীর (ছাত্র-ছাত্রীর) পিতা/মাতা/বৈধ অভিভাবক যৌথ স্বাক্ষরে আবেদনের মাধ্যমে যে কোন সময় উক্ত হিসাব বন্ধ করে টাকা উত্তোলন করতে পারবেন। সে ক্ষেত্রে গ্রাহক জমাকৃত টাকার উপর সঞ্চয়ী হিসাবের হারে সুদ প্রাপ্য হবেন।

খ) ছাত্র-ছাত্রীগণ পিএসসি, জেএসসি, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফল প্রকাশের পর ফলাফল দাখিল করবে যার ভিত্তিতে সুদের হার নির্ধারণ করা হবে।

গ) শ্রুষ্ঠা না করণ হিসাবধারীর (ছাত্র-ছাত্রীর) আকস্মিক মৃত্যু হলে হিসাবটি বন্ধ বলে গণ্য করা হবে। সে ক্ষেত্রে যৌথ হিসাবধারীর অপরজন (ছাত্র-ছাত্রীর) পিতা/মাতা/বৈধ অভিভাবক হিসাবের টাকা প্রাপ্য হবেন। হিসাবের টাকা পরিশোধের জন্য নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে :

(১) হিসাবের টাকা উত্তোলনের আবেদনপত্র।

(২) হিসাবধারীর (ছাত্র-ছাত্রীর) মৃত্যু সংক্রান্ত সনদপত্র।

(৩) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/মনোনীত শিক্ষকের প্রত্যয়নপত্র।

৭) হিসাব খেলার ফরম : বাংলাদেশ ব্যাংকের গ্রিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট এর ২৮.১০.২০১৩ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং ০৭ এর নির্দেশনা অনুযায়ী হিসাব খোলার ক্ষেত্রে Uniform Account Opening Form and KYC ব্যবহার করতে হবে (কপি সংযুক্ত)। এরূপ হিসাবের জন্য ছাত্র-ছাত্রী এবং অভিভাবক উভয়ইকেই ব্যক্তিগত তথ্য ফরম পূরণ করতে হবে এবং উভয় ফরমে বৈধ অভিভাবকের স্বাক্ষর থাকতে হবে।

৮) বিশেষ নির্দেশাবলী :

(ক) আমানত হিসাব হতে নিয়মানুযায়ী আবগারী শুল্ক ও সার্ভিস চার্জ এবং প্রদেয় সুদ হতে উৎস কর কর্তনযোগ্য।

(খ) হিসাবটির কোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, বাতিল করার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(গ) এ সঞ্চয় স্কীম প্রনোদনামূলক বিধায় এ হিসাবের বিপরীতে কোন ঋণ প্রদান করা যাবে না।

(ঘ) কোন অবস্থাতেই হিসাবের কিস্তির পরিমাণ পরিবর্তন করা যাবে না।

৯) স্কুল ব্যাংকিং এর আওতায় সঞ্চয়কারীকে ঋণ প্রদান :

ক) স্কুল ব্যাংকিং এর আওতায় ছাত্র/ছাত্রী উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ হলে ভাল গ্রেড অর্জনকারীদের উচ্চ শিক্ষার জন্য ঋণ প্রদান করা যাবে।

খ) পরবর্তীতে পল্লী সঞ্চয় ব্যাংক কর্তৃক এরূপ ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ নীতিমালা প্রণয়ন ও জারী করা হবে।

গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে সর্বোচ্চ গ্রেড পাওয়া ছাত্রছাত্রীদের কম সুদে ঋণ প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

৩



পল্লী সঞ্চয় ব্যাংক

-----শাখা

ব্যক্তি (একক/যৌথ) হিসাব খোলার ফরম

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

-----শাখা

ছবি

স্বাক্ষর

জনাব,

আমি/আমরা আপনার ব্যাংকের শাখায় নিম্নবর্ণিত নামে একটি সঞ্চয়ী/বিশেষ সঞ্চয়ী/চলতি/-----
হিসাব খুলতে আগ্রহী। আমি/আমরা আপনার ব্যাংকের হিসাব পরিচালনা সম্পর্কিত নিয়মকানুন ভালভাবে অবহিত
হয়েছি এবং তা মেনে চলার অঙ্গীকার করছি।

১। হিসাবের নামঃ-----

২.১।। আবেদনকারী/আবেদনকারীগণের ব্যক্তিগত পরিচয়ঃ

(ক) নামঃ------(খ) পিতা/স্বামীর নামঃ------(গ) মাতার নামঃ-----

(ঘ) গ্রামঃ-----উপজেলাঃ-----জেলাঃ-----

(ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বরঃ-----

২.২। (ক) নামঃ------(খ) পিতা/স্বামীর নামঃ------(গ) মাতার নামঃ-----

(ঘ) গ্রামঃ-----উপজেলাঃ-----জেলাঃ-----

(ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বরঃ-----

৩। হিসাব পরিচালনাকারী/পরিচালনাকারীগণের নাম ও স্বাক্ষরঃ

(ক) নামঃ-----স্বাক্ষরঃ-----

(খ) নামঃ-----স্বাক্ষরঃ-----

৪। পরিবারের কোন সদস্য একটি বাড়ি একটি খামার প্রকল্প বা পল্লী সঞ্চয় ব্যাংকের কোন সমিতির সদস্য হলেঃ

(ক) সমিতির নাম :

(খ) সদস্যের নাম :

(গ) পরিচিতি নম্বর :

৪। মৃত্যুজনিত কারণে মনোনীত যে ব্যক্তি/ব্যক্তিগণ হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন করার অধিকারী হবেনঃ

মনোনীত ব্যক্তি/ব্যক্তিবৃন্দের নাম	সম্পর্ক	প্রাপ্য অংশ	মন্তব্য

৫। হিসাব খোলার সময় নগদ/চেকের মাধ্যমে জমাকৃত টাকার পরিমাণঃ-----

আপনার বিশ্বস্ত

১। -----

২। -----

(আবেদনকারী/আবেদনকারীগণের সম্পূর্ণ নাম)

পরিচয় প্রদানকারী

ক) স্বাক্ষরঃ-----খ) নামঃ-----

গ) ঠিকানাঃ-----ঘ) জাতীয় পরিচয়পত্র নম্বরঃ-----

ঙ) হিসাব নম্বরঃ-----

আজকের সঞ্চয়-আগামীর নিরাপত্তা
নিজে সঞ্চয় করুন ও অন্যকে উৎসাহিত করুন